

‘এবং মল্লয়া’-বিধিবিদ্যালয় মঞ্জুরী আয়োগ (U.G.C.- CARE List) অনুমোদিত
তালিকাভুক্ত। ভারতীয় ভাষায় পত্রিকা ক্রমিক নং-৯৬, ২০১৯।

এবং মল্লয়া

(বাংলা ভাষা, সাহিত্য ও গবেষণামূলক বার্ষিক পত্রিকা)

২২ তম বর্ষ, ১২১ সংখ্যা, মে, ২০২০

সম্পাদক

ডা. মদনমোহন বেরা

কে.কে. প্রকাশন

গোলকুঁয়াচক, মেদিনীপুর, প. বঙ্গ।

'Ebong Mahua'--UGC - CARE Approved listed Journal.
Journal Serial No.-96 (Indian Languages out of 114), Bengali, Faculty of
Arts journal Serial No.--32

EBONG MAHUA

Bengali Language, Literature, Research and Referred with
Peer-Review Journal

22th Year, 121 Volume

May, 2020

Published By

K. K. Prakashan

Golekuachawk, P.O.-Midnapur, 721101. W.B.

DTP and Printed By

K.K.Prakashan

Cover Designed By

Kohinoorkanti Bera

Special Editorial Co-ordinator

Amit Kumar Maity

Communication :

Dr. Madanmohan Bera, Editor.

Golekuachawk, P.O.-Midnapur, 721101. W.B.

Mob.-9153177653

Email- madanmohanbera51@gmail.com /

kohinoor bera @ gmail.com

Rs 500

৪৩. আধুনিক রাজনৈতিক ও সামাজিক সভ্যতার বিকাশে
বুদ্ধদেব ও রবীন্দ্রনাথ : একটি দার্শনিক পর্যালোচনা

:: ড. গৌতম কুমার ঘোষ.....৩৩৪.

৪৪. ম্যাজিক রিয়ালিজমের প্রেক্ষিত

:: ড. নির্মল কুমার বর্মণ.....৩৪১

৪৫. মহাশ্বেতা দেবীর ছোটগল্পে প্রান্তিক জনজীবন চিত্র

:: ড. মনমোহন গুরু.....৩৪৫

৪৬. আদিবাসী সমাজে বিপন্ন শৈশব

:: ড. মঙ্গল কুমার নায়ক.....৩৫৮

৪৭. বাঁকুড়া জেলার আদিবাসী সমাজ ও সংস্কৃতি

:: ড. সুমন্ত মণ্ডল.....৩৭০

৪৮. নীরেন্দ্রনাথ চক্রবর্তীর কবিতায় সময়, সমাজ ও মানুষ

:: ড. শর্মিষ্ঠা আচার্য.....৩৮২

৪৯. কবি মনোহর দাসের 'অনুরাগবল্লী'

:: ড. শান্তনু ভট্টাচার্য.....৩৮৯

৫০. নজরুলের ছোটগল্পে নারী পরিসর

:: ড. সারদারত লাহা.....৩৯৭

৫১. রঙ্গলালের স্বদেশীয় সাহিত্যানুরাগ : প্রসঙ্গ বাঙ্গালা

কবিতা প্রবন্ধ

:: ড. নরেন্দ্র নাথ রায়.....৪০৪

৫২. কবি গণেশ বসু আজও দশপ্রহরণ হাতে হাতে তুলে দেয়

:: ড. জয়গোপাল মন্ডল.....৪১০

০০লেখক পরিচিতি.....৪১৮

০০০ UGC--CARE list.....৪২১-৪২২

ম্যাজিক রিয়ালিজমের প্রেক্ষিত

ড. নির্মল কুমার বর্মণ

সাম্প্রতিক কালের বিশাল বর্ণিত চর্চিত ম্যাজিক রিয়ালিজম বা জাদুবাস্তবতা। চিত্রশিল্প, সিনেমার ক্ষেত্রে ব্যাপক প্রয়োগ হলেও সাহিত্য জগতেই ভালো প্রসারণ। সাত সমুদ্র তের নদীর পারে পরাবাস্তবতার বা সুর-রিয়ালিজমের বিবর্তনের সূত্র ধরে বিংশ শতাব্দীতে এই সাহিত্য আন্দোলনের আলোড়ন সৃষ্টি হয়। ক্রমান্বয়ে বহু গবেষক লেখক, চিত্রশিল্পী ম্যাজিক রিয়ালিজম আন্দোলনের দ্বারা প্রভাবান্বিত হন। ফলতঃ নিজেদের ছবিতে, লেখায় সমকালীন সমাজের ক্রটি, দুর্নীতি অন্যায়, জনসাধারণের অসহায় পাশবিক জীবনযাপন—

দেশবাসীর জীবনে সমস্ত ক্লেশ প্রকাশ ও সজাগ করতে চাইলেন। বাস্তবতা, স্বপ্ন ও কল্পনার মিশেলে সৃষ্টি ম্যাজিক রিয়ালিজম বা জাদুবাস্তবতা। তাই এই সৃষ্টি-নতুন প্রতিশ্রোত।

গুয়াতেমালার প্রথিতযশা সাহিত্যিক *William Spindle* জাদু বাস্তবতাকে তিন ভাগে ভাগ করেছেন, তাঁর '*Magic Realism : A Typology*' নামক প্রবন্ধে।

(১) ইউরোপীয় *Meta-Physical* জাদুবাস্তব যাতে এক ধরনের বিচ্ছিন্নতাবোধ, রহস্যময় চেতনালব্ধ মানসিকতা গুরুত্ব পেয়েছে; কাফকার গল্প, উপন্যাস মূলত উদাহরণ।

(২) *Ontological* জাদুবাস্তবতা— অব্যাখ্যেয় বিভিন্ন বাস্তবানুগ ঘটনা যার উপাদান।

(৩) *Anthropological* জাদুবাস্তবতা— পাশ্চাত্যের যুক্তিবাদী দৃষ্টিভঙ্গী ও সাহিত্য সংস্কৃতির দেশজ-ভাবনা-চিন্তা-ওতোপ্রোতোভাবে জড়িয়ে এক চমৎকার আবহ গড়া।

১৯৫৫ সালে সর্বপ্রথম আধুনিক অর্থে জাদু বাস্তবতার প্রতিফলন সাহিত্যের আঙিনায় এলেও এই শব্দবন্ধের আদি প্রয়োগ কর্তা জার্মানির মানুষ *Franz Roh*। ১৯২৫ সালে '*Neue Sachlichkeit*' শীর্ষক চিত্র শিল্পে এই রীতি প্রয়োগ করেন। *Roh*-র ভাবনার সার্থক সমর্থক *Custav Hartlaub*। *Franz* স্বীকার করেন যে পরাবাস্তবতার সাথে জাদুবাস্তবতার ভাব ভালোবাসা আছে ঠিকই কিন্তু বাস্তবতার নিরিখে প্রভেদও রয়েছে। কারণ জাদুবাস্তবতা পৃথিবী, পার্থিবজগৎ এবং সেই জগতের চাঞ্চল্যকে পাথের করে গড়ে ওঠেছে। আর পরাবাস্তবতার মানবমন এবং মনকে কেন্দ্র করে আবর্তিত হওয়া প্রেক্ষিত ফুটে উঠেছে।

বিশ শতকের পাঁচের দশকে লাতিন আমেরিকান চিত্রকরগণ *Ivan Albright*,